



'Heat Wave in Bangladesh: Integrating People and Place in Adapting to Rising Temperatures' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



২ মে ২০২৪-বৃহস্পতিবার সেন্টার ফর ক্লাইমেট সোসাইটি এন্ড এনভায়রনমেন্ট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (Centre for Climates Society and Environment) আয়োজনে সিএসই বিভাগের কনফারেন্স রুমে 'Heat Wave in Bangladesh: Integrating People and Place in Adapting to Rising Temperatures' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। এসময় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি আজকের সেমিনারের বিষয়টি বর্তমান সময়ের জন্য যুগপোযোগী উল্লেখ করে বলেন, “প্রাকৃতিক পরিবর্তন ও মানুষের সৃষ্ট বিভিন্ন কৃত্রিম কারণেই আবহাওয়া পরিবর্তন হচ্ছে। যার ফলে তীব্র তাপদাহের ফলে জনজীবনে বিক্রম প্রভাব পড়ছে। মানসিকভাবে বিষন্ন হয়ে পড়ার কারণে সবাই পারিবারিক ও কর্মজীবনে পিছিয়ে পড়ছি। সমস্যা নিরূপনে আমাদের গবেষণা বৃদ্ধি করতে হবে। আমাদেরকে সামাজিক বনায়ন করতে হবে তবে বিদেশি আর বানিজ্যিক গাছ



লাগালেই হবে না। প্রচুর সংখ্যক দেশি গাছ লাগাতে হবে তাহলেই আমরা তাপদাহ থেকে মুক্তি পেতে পারি।”

সেন্টার ফর ক্লাইমেট সোসাইটি এন্ড এনভায়রনমেন্ট, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক ড. আব্দুল মালেকের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন আবহাওয়া বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চেয়ারপার্সন অধ্যাপক ড. ফাতিমা আক্তার। মূল প্রবন্ধের উপর আলোচনা করেন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের সিনিয়র আবহাওয়াবিদ ড. মোঃ আব্দুল মান্নান এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মল্লিক আকরাম হোসেন।

স্বাগত বক্তব্য প্রদান করেন উক্ত সেন্টারের উপ-পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল কাদের এবং সেমিনারটি সঞ্চালনা করেন উপ-পরিচালক ড. রিফাত মাহমুদ।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), প্রক্টর সহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।